



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২০.২৪-১৫৪

তারিখ: ১১ চৈত্র, ১৪৩১
২৫ মার্চ, ২০২৫


২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বস্ত্র অধিদপ্তরাধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ভর্তির আবেদনের সংশোধিত সময়সীমা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বস্ত্র অধিদপ্তরের স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২০.২৪-৬২; তারিখ ২৯/০১/২০২৫ এ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এ ভর্তিছু প্রার্থীদের নিকট হতে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহবান করা হয়। উক্ত ভর্তি বিজ্ঞপ্তির আবেদনের সময়সীমা নিম্নোক্তভাবে বৃদ্ধি করা হলো। উল্লেখ্য যে, ২৯/০১/২০২৫ তারিখে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

১. ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট সংশোধিত তারিখ ও সময়সূচীঃ

ভর্তি সংক্রান্ত কার্যক্রম	তারিখ
(ক) অনলাইনে ভর্তির জন্য আবেদনের সময়	১৭/০২/২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ২০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।
(খ) প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা	২৯/০৪/২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।
(গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	১০/০৫/২০২৫ খ্রিঃ (শনিবার) সময়ঃ সকাল ১০:০০টা হতে ১১:২০ টা পর্যন্ত।
(ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	১৩/০৫/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বস্ত্র অধিদপ্তর ও কলেজসমূহের ওয়েব সাইট এবং নোটিশ বোর্ড।

বিঃদ্রঃ বিস্তারিত ভর্তি বিজ্ঞপ্তি ২৯/০১/২০২৫ তারিখে বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.dot.gov.bd, ০১/০২/২০২৫ তারিখে দৈনিক প্রথম আলো, ০২/০২/২০২৫ তারিখে দৈনিক আমার দেশ এবং ০৩/০২/২০২৫ তারিখে The Daily Star পত্রিকায় প্রকাশ করা হয়েছে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন তথ্য জানতে ০১৭২৬-০৫৮৫৯৩ (সকাল ০৯:০০ টা হতে বিকাল ৫:০০টা পর্যন্ত) নম্বরে যোগাযোগ করা যেতে পারে।


(মোঃ শহিদুল ইসলাম)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।
